গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা-২
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৬.২৯.০৭.২০২৪ (অংশ-১)- ৩০

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

প্রাপক: চীফ এ্যাকাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার,
চীফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়,
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: আন্তর্জাতিক প্রতিষ্ঠান সিরডাপ এর ২০২৫ সালের চাঁদা খাতের অর্থ ছাড়করণ সংক্রান্ত।

সূত্র: স্মারক নং-৮৪৩, তাং-২৫/০৯/২০২৪ CIRDAP হতে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেটে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে আন্তর্জাতিক প্রতিষ্ঠান এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সমন্বিত পল্লী উন্নয়ন কেন্দ্র (সিরডাপ) এর অনুকূলে চাঁদা খাতের বরাদ্দ হতে ২০২৫ সালের চাঁদা বাবদ প্রতি ডলার ১২২.০০ টাকা (ডলার রেট) হিসেবে $৩২,৫০০.০০ মার্কিন ডলারের বিপরীতে আনুমানিক ৩৯,৬৫,০০০.০০/- (উনচল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা ছাড়করণে আদিষ্ট হয়ে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। ছাড়কৃত অর্থ সোনালী ব্যাংক লিমিটেড, সুপ্রীমকোর্ট শাখা, ঢাকায় সিরডাপ এর চলতি হিসাব নং-৪৪৩৫৪৩৩০০৬৫৩৭ এ জমা হবে।

০৩। উক্ত অর্থ ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট মঞ্জুরী নং-৩৫, ১৩৮-পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর আওতাধীন ১২৭০০৩০০১ এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমন্বিত পল্লী উন্নয়ন কেন্দ্র (সিরডাপ) এর ৩২১১১১২ চাঁদা খাতের বরাদ্দ হতে নির্বাহ করা হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(রহিমা আক্তার)
উপসচিব (বাজেট)
ফোন: +৮৮-০২২২৩৩৫১১৩৮
ই-মেইল: budget2.section@rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৬.২৯.০৭.২০২৪ (অংশ-১)- ৩০

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: সিনিয়র সহকারী সচিব (বাজেট-১২ শাখা)।
২) মহাপরিচালক, সিরডাপ, চামেলী হাউজ, রমনা, ঢাকা।
৩) উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য), উপদেষ্টা মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪) সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, সুপ্রীম কোর্ট শাখা, ঢাকা।
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

(রহিমা আক্তার)
উপসচিব (বাজেট)